

“ধাকব ভালো, রাখব ভালো দেশ  
বৈধপথে প্রবাসী আয়-পড়ব বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২ ইন্সটান গার্ডেন, রমনা, ঢাকা  
কল্যাণ শাখা  
[www.probashi.gov.bd](http://www.probashi.gov.bd)



নং-৪৯.০০.০০০০.০২৪.২৩.০০৬.২৩-৩৫৩

তারিখ: ০৫ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ  
২০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

### বিজ্ঞপ্তি

এতদ্বারা বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি) নির্বাচন নীতিমালা, ২০১৮ অনুযায়ী নিম্নবর্ণিত তিনটি ক্যাটাগরিতে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি), ২০২৪ নির্বাচনের লক্ষ্যে আগ্রহী ও যোগ্যতা সম্পন্ন সকল অনিবাসী বাংলাদেশির নিকট হতে নিম্নোক্ত শর্তাধীনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্র: নং	ক্যাটাগরি	সংখ্যা	প্রয়োজনীয় যোগ্যতা
০১	সিআইপি (এনআরবি) [বাংলাদেশে শিল্পক্ষেত্রে সরাসরি বিনিয়োগকারী]:	সর্বোচ্চ ০৫ জন	ক) ২০২২-২০২৩ অর্থবছরে বাংলাদেশের শিল্পখাতে মূলধন হিসেবে ৩,০০,০০০ (তিন লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বা তদুর্ধ্ব পরিমাণ বৈদেশিক মুদ্রা সরাসরি বিনিয়োগ ; (খ) শিল্প প্রতিষ্ঠানটি বাস্তবায়নহীন হলে যন্ত্রপাতি আমদানির প্রমাণপত্র, যেমন-বিল অব লেডিং, বিল অব এন্ট্রি, লেটার অব ক্রেডিট ইত্যাদিতে উল্লিখিত পরিমাণ বৈদেশিক মুদ্রার লেনদেন।
০২	সিআইপি (এনআরবি) [বাংলাদেশে বৈধ চ্যানেলে সর্বাধিক বৈদেশিক মুদ্রা প্রেরণকারী]:	সর্বোচ্চ ৭৫ জন	২০২২-২০২৩ অর্থবছরে অপ্রত্যাভাসনযোগ্য ন্যূনতম ১,০০,০০০ (এক লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রা ব্যাংকসহ অন্যান্য বৈধ চ্যানেলে বাংলাদেশে প্রেরণ।
০৩	সিআইপি (এনআরবি) [বিদেশে বাংলাদেশি পণ্যের আমদানিকারক] :	সর্বোচ্চ ১০ জন	(ক) ২০২২-২০২৩ অর্থবছরে বাংলাদেশ হতে ন্যূনতম ৩,০০,০০০ (তিন লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রার [Free on Board (FOB)] বাংলাদেশি পণ্য সংশ্লিষ্ট দেশে আমদানিকরণ; (খ) পিআরসি ( Proceeds Realisation Certificate) এর মাধ্যমে বাংলাদেশি পণ্য সংশ্লিষ্ট দেশে আমদানির পরিমাণ; এবং (গ) অধিক মূল্য সংযোজন সম্পন্ন বাংলাদেশি পণ্য (Higher Value Added Product) সংশ্লিষ্ট দেশে আমদানিকারককে অগ্রাধিকার প্রদান করা হবে।

#### শর্তাবলীঃ

১। ২১ সেপ্টেম্বর, ২০২৩ হতে ১৫ অক্টোবর, ২০২৩ তারিখ বাংলাদেশ সময় রাত ১২.০০ টার মধ্যে নির্ধারিত ওয়েবসাইট [www.cip.probashi.gov.bd](http://www.cip.probashi.gov.bd) এর মাধ্যমে অনলাইন-এ আবেদন দাখিল করতে হবে। উক্ত সময়সীমার পর কোন আবেদন দাখিল করা যাবে না।

২। বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস অথবা প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে সরাসরি (হার্ড কপি আকারে) কোন আবেদনপত্র জমা নেওয়া হবে না।

৩। অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

৪। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন কিংবা এতদসংক্রান্ত সকল কার্যক্রম বাতিল/স্থগিত করার অধিকার সংরক্ষণ করে।

মো: সারওয়ার আলম  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ০২-৪১০৩০২৫১

ইমেইল- [saselfare@probashi.gov.bd](mailto:saselfare@probashi.gov.bd)